

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৪.০৭.০০৬.১৭

তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
১১-নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, জনাব মোঃ মোজ্জার হোসেন, গাড়ীচালক (বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং


যেহেতু, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর ২৮/০২/২০১৭ খ্রিঃ তারিখের ২-২(১৬৩)/ইটি/সদর/ব্যক্তিগত/ ২০১৩/৮১৯০ নং অফিস আদেশমূলে তাকে 'চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)' গুরুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, গুরুদণ্ডপ্রাপ্ত কর্মচারী জনাব মোঃ মোজ্জার হোসেন কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর উক্ত আদেশের বিরুদ্ধে আপীল কর্তৃপক্ষ চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে আপীল দায়ের করেন; এবং

যেহেতু, উক্ত আপীল আবেদন, আপীল শুনানীতে বর্ণিত আপীলকারী কর্মচারী কর্তৃক দাখিলকৃত লিখিত জবানবন্দী এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা কর্তৃক দাখিলকৃত আপীল আবেদনের দফাওয়ারী জবাব পর্যালোচনান্তে বর্ণিত অভিযুক্ত কর্মচারী কর্তৃক সম্পাদিত 'অসদাচরণ' এর মাত্রা গুরুতর হওয়ায়, অভিযুক্ত কর্মচারী তার জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করতে ব্যর্থ হওয়ায়, তদন্তে উক্ত অভিযোগ প্রমাণিত হওয়ায় ও ঘটনার পারিপার্শ্বিকতা বিশ্লেষণে সংশ্লিষ্ট অভিযুক্ত কর্মচারীর উক্ত 'অসদাচরণ' এর সাথে এককভাবে সম্পৃক্ত থাকার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে প্রদত্ত 'চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)' গুরুদণ্ড আইনসংগত ও যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ মোজ্জার হোসেন, গাড়ীচালক (বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকাকে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী প্রদত্ত 'চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)' গুরুদণ্ড বহাল রাখা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ নজিবুর রহমান)  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ মোজ্জার হোসেন  
গাড়ীচালক (বরখাস্ত),  
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।


নম্বরঃ ০৮.০১.০০০০.০১৪.০৭.০০৬.১৭

২০১৯

তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ  
১১ ৩-১০-১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

  
১১/৯/১৭  
(মোঃ সুলতান আহম্মদ)  
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৪)